

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা:

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৯, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ৪ঠা আষাঢ়, ১৪০৩ বাং/১৮ই জুন, ১৯৯৬ ইং

এস, আর, ও, নং ১০৩-আইন/৯৬/১৬৬০/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এ উল্লিখিত Heading No. 84.15 এবং Heading No. 84.79 এর বিপরীতে উক্ত FIRST SCHEDULE এর কলাম (2) এর H. S. Code সমূহের আওতাধীন কলাম (3) তে বর্ণিত যথাক্রমে, Textile Air-Conditioning Machine এবং Textile Humidifier plant কে উহাদের উপর আরোপণীয় সম্মুদয় আমদানি শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) উপরি-উল্লিখিত বস্তুরূপিত অত্র বিভাগের ৭ই পৌষ, ১৪০২ বাং মোতাবেক ২১শে ডিসেম্বর, ১৯৯৫ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২২৭-আইন/৯৫/১৬৪৯/শুল্ক এবং ৭ই পৌষ, ১৪০২ বাং মোতাবেক ২১শে ডিসেম্বর, ১৯৯৫ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২২৮-আইন/৯৫/১৬৫০/শুল্ক মোতাবেক মূলধনী বস্তুরূপিত আমদানির অনাধিক ছয় মাস পূর্বে বা পরে আমদানিকৃত হইতে হইবে;

(৯৫৬৯)

মূল্য : টাকা ১.০০

- (খ) উপরি-উল্লিখিত যন্ত্রপাতি খালাসের পূর্বে উক্ত যন্ত্রপাতির উপর প্রযোজ্য স্বাভাবিক শুল্কের জন্য আমদানিকারক সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের কমিশনার অব কাণ্টমস (ক্ষেত্রমত অতিরিক্ত/যন্ত্র/উপ/সহকারী কমিশনার অব কাণ্টমস, অতঃপর কমিশনার অব কাণ্টমস বলিয়া অভিহিত) এর নিকট নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করিবেন;
- (গ) উপরি-উল্লিখিত যন্ত্রপাতি সংশ্লিষ্ট শুল্ক স্টেশন হইতে খালাসের ছয় মাসের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে স্থাপন করিতে হইবে। উক্তরূপে যন্ত্রপাতি স্থাপিত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকার উপ/সহকারী কমিশনার অব কাণ্টমস, এক্সসাইজ ও মূল্য সংযোজন কর উহা স্থাপিত হইয়াছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন। উক্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিলে ব্যাংক গ্যারান্টিটি আমদানিকারককে ফেরত দেওয়া হইবে; এবং
- (ঘ) উপরি-উল্লিখিত যন্ত্রপাতি খালাসের ছয় মাসের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে আমদানিকারক কর্তৃক উক্ত যন্ত্রপাতি স্থাপনে ব্যর্থ হইলে ব্যাংক গ্যারান্টিটি কমিশনার অব কাণ্টমস নগদায়ন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ নাদিত হুসাইন
সচিব।